

# সূত্র

প্রিন্ট: ২৭ জানুয়ারি ২০২৫, ০৪:০১ পিএম

শিক্ষাঙ্গন

## ওয়ার্ল্ড ইউনিভার্সিটি সাবজেক্ট র‍্যাঙ্কিংয়ে দেশসেরা জাবি

উপাচার্যের অভিনন্দন



জাবি প্রতিনিধি

প্রকাশ: ২৭ জানুয়ারি ২০২৫, ১২:১৫ এএম



যুক্তরাজ্যভিত্তিক বিশ্বখ্যাত শিক্ষা সাময়িকী টাইমস হায়ার এডুকেশনের ওয়ার্ল্ড ইউনিভার্সিটি বিষয়ভিত্তিক র‍্যাঙ্কিংয়ে দেশসেরা হয়েছে জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় (জাবি)। কম্পিউটার সায়েন্স ও ফিজিক্যাল সায়েন্স ক্যাটাগরিতে জিওলোজি, এনভায়রনমেন্টাল, আর্থ অ্যান্ড মেরিন সায়েন্স বিষয়ে দেশসেরা হয়েছে বিশ্ববিদ্যালয়টি।

রোববার এক সংবাদ বিজ্ঞপ্তির মাধ্যমে এসব বিষয়ে দেশসেরা হওয়ায় শিক্ষক-শিক্ষার্থী-গবেষকসহ জড়িত সবাইকে অভিনন্দন ও শুভেচ্ছা জানিয়েছেন উপাচার্য অধ্যাপক ড. মোহাম্মদ কামরুল আহসান।

অভিনন্দন বার্তায় উপাচার্য বলেন, এই অর্জন আন্তর্জাতিক পরিমণ্ডলে জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের পরিচিতি ও সুনাম বৃদ্ধি পেয়েছে। এটি বিশ্ব র‍্যাঙ্কিংয়ে জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়কে আরও এগিয়ে নিতে ভূমিকা রাখবে।

উল্লেখ্য, টাইমস হায়ার এডুকেশন ১১ ক্যাটাগরিতে এ র‍্যাঙ্কিং প্রকাশ করে। এর মধ্যে কম্পিউটার সায়েন্স ক্যাটাগরিতে জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের অবস্থান ৪০১-৫০০-এর মধ্যে এবং ফিজিক্যাল সায়েন্স ক্যাটাগরির জিওলোজি, এনভায়রনমেন্টাল, আর্থ অ্যান্ড মেরিন সায়েন্স বিষয়ে ৬০১-৮০০-এর মধ্যে অবস্থান করছে, যা দেশের মধ্যে সর্বোচ্চ।